গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর
চট্টগ্রাম সমিতি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা)
৩২, তোপখানা রোড, ঢাকা-১০০০

নথি নং-২-৭(১)/ইটি/ডেডো/২০০২/১৪/৪০১১(১) তারিখ ঃ ১৩.৮.২০০৬

## *অফিস আদেশ*

জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-৩(২)শুল্ক-রপ্তানি ও বন্ড/৯২/১৪১২ তারিখ ২৪.১০.২০০১ এর অনুচ্ছেদ ১(৪) অনুসারে উৎপাদিত পণ্যের সহগ নির্ধারণের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সহগ নির্ধারণ কমিটি গঠন করা হলো:

(১) উপ-পরিচালক - সভাপতি
(২) বন্ড কমিশনারেটের প্রতিনিধি - সদস্য
(৩) সংশ্লিষ্ট পণ্যের সেক্টর স্পেশালিস্ট - সদস্য সচিব
(৪) প্রিন্সিপাল এপ্রেইজার - সদস্য

ক) যে সকল পণ্যের স্ট্যান্ডার্ড সহগ নির্ধারিত করা আছে সে সকল পণ্যের ক্ষেত্রে আবেদন প্রাপ্তির পর শাখা সহকারী নথি প্রিন্সিপাল এপ্রেইজার এর নিকট পেশ করবেন এবং প্রিন্সিপাল এপ্রেইজার সংশ্লিষ্ট সেক্টর স্পেশালিস্ট এর নিকট নথিটি প্রেরণ করবেন। সংশ্লিষ্ট সেক্টর স্পেশালিস্টগণ প্রয়োজন অনুযায়ী জরীপ ও জরীপের ৭(সাত) কার্যদিবসের মধ্যে সহগ নির্ধারণ করে কমিটির মাধ্যমে মহাপরিচালক মহোদয়ের নিকট প্রস্তাবিত সহগ অনুমোদনের জন্য উপস্থাপন করবেন। অনুমোদনের পর মহা পরিচালক মহোদয় সহগ জারী করবেন। যে সমস্ত সহগ জরীপের প্রয়োজন নেই সেক্ষেত্রে আবেদন প্রাপ্তির তারিখ হতে সর্বোচ্চ ৩(তিন) কার্যদিবসের মধ্যে সহগ জারী করতে হবে।

খ) যে সকল পণ্যের ক্ষেত্রে সহগ নির্ধারিত নেই এমন আবেদন পাওয়ার পর শাখা সহকারী নথিটি প্রিন্সিপাল এপ্রেইজার এর নিকট পেশ করবেন। প্রিন্সিপাল এপ্রেইজার সংশ্লিষ্ট সেক্টর স্পেশালিস্ট এর নিকট নথিটি প্রেরণ করবেন এবং সংশ্লিষ্ট সেক্টর স্পেশালিস্টগণ জরীপ কার্য সম্পন্নান্তে জরীপের ৭(সাত) কার্য দিবসের মধ্যে প্রস্তাবিত সহগ নির্ধারণ করে কমিটির মাধ্যমে মহাপরিচালক মহোদয়ের নিকট অনুমোদনের জন্য উপস্থাপন করবেন।

০২। সমহার প্রস্তাবের ক্ষেত্রে নিম্নোক্তভাবে সমহার কমিটি গঠন করা হলো:

ক) উপ-পরিচালক - সভাপতি
খ) কস্ট একাউনট্যান্ট - সদস্য সচিব
গ) জনাব মো: আশরাফুল ইসলাম - সদস্য।

ক) সমহার নির্ধারণের জন্য কোন নতুন আবেদন পাওয়া গেলে কমিটি সমহার নির্ধারণ প্রয়োজন কিনা সে বিষয়ে মতমতসহ নথিতে প্রথমে মহা-পরিচালকের নীতিগত সিদ্ধান্ত গ্রহণ করবেন। নীতিগত সিদ্ধান্ত পাওয়া গেলে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ ও অনুমোদিত সহগের ভিত্তিতে কমিটি সমহার প্রস্তাব মহাপরিচালকের নিকট উপস্থাপন করবেন।

খ) সমহার পুন: নির্ধারণের আবেদন পাওয়া গেলে অথবা শুল্ক-কর হ্রাস বৃদ্ধি বা উপকরণ মূল্যের হ্রাস বৃদ্ধির কারণে সমহার পুন: নির্ধারণের প্রয়োজনীয়তা অনুভূত হলে, কমিটি প্রয়োজনীয় তথ্য প্রমানসহ সমহার প্রস্তাব মহাপরিচালকের নিকট উপস্থপন করবেন।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পুনরাদেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

০৪। এ বিষয়ে ইতোপূর্বে জারীকৃত অফিস আদেশ নং-২-ইটি/২(১)ডেডো/১৩/৯৪/৪৩৪৩(১-১৪) তারিখ ২৮.৮.২০০৫ এবং ৭(১)/ইটি/ডেডো/২০০২/১৪/৬২৩৬(১-৬) তারিখ ২১.১২.২০০৫ বাতিল বলে গণ্য হবে।

**স্বাক্ষরিত/-**
**[জাহান আরা সিদ্দিকী]**
মহাপরিচালক